

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২১২৭

৩৪/ क्य-विक्य (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩৪/৫১. ওজন করার পারিশ্রমিক প্রদানের দায়িত্ব বিক্রেতা বা দ্রব্য প্রদানকারীর উপর।

بَابِ الْكَيْلِ عَلَى الْبَائِعِ وَالْمُعْطِي

আরবী

حَدَّثَنَا عَبْدَانُ أَخْبَرَنَا جَرِيرٌ عَنْ مُغِيرَةَ عَنْ الشَّعْبِيِّ عَنْ جَابِرٍ قَالَ تُوُفِّيَ عَبْدُ اللهِ بْنُ عَمْرِو بْنِ حَرَامٍ وَعَلَيْهِ دَيْنٌ فَاسْتَعَنْتُ النَّبِيُّ صلى الله عليه وسلم إليه فَلَمْ يَفْعَلُوا فَقَالَ لِي النَّبِيُ عَنْ عَمْرو بْنِ دَيْنِهِ فَطَلَبَ النَّبِيُّ صلى الله عليه وسلم إليه فَلَمْ يَفْعَلُوا فَقَالَ لِي النَّبِيُ صلى الله عليه وسلم انْهَبْ فَلَمْ يَفْعَلُوا فَقَالَ لِي النَّبِيُ صلى الله عليه وسلم انْهَبْ فَصَنِفْ تَمْرك أَصْنَافًا الْعَجْوة عَلَى حِدَةٍ وَعَدْق زَيْدٍ علَى حِدَةٍ ثُمَّ أَرْسِلْ إِلَيَّ فَفَعَلْت ثُمَّ أَرْسَلْت لِلله لِي النَّبِيِّ صلى الله عليه وسلم فَجَاءَ فَجَلَسَ عَلَى حِدَةٍ ثُمَّ أَرْسِلْ إِلَيَّ فَفَعَلْت ثُمَّ أَرْسَلْت إلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَجَاءَ فَجَلَسَ عَلَى عَلَى وَسَطِهِ ثُمَّ قَالَ كِلْ لِلْقَوْمِ فَكِلْتُهُمْ حَتَّى أَوْفَيْتُهُمْ الَّذِي لَهُمْ وَبَقِيَ تَمْرِي كَأَنَّهُ لَمْ وَيَقِي تَمْرِي كَأَنَّهُ لَمْ عَنْ وَهُلِ مِنْ النَّبِيِّ صلى الله عليه وسلم فَمَا وَلَا لَهُ فِرَاسٌ عَنْ الشَّعْبِيِّ حَدَّثَنِي جَابِرٌ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم فَمَا زَالَ يَكِيلُ لَهُمْ حَتَّى أَدًّاهُ لَمْ عَنْ وَهْبٍ عَنْ جَابِرٍ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَذَ لَهُ فَأَوْفِ لَهُ فَأَوْفِ لَهُ لَهُ فَأَوْف لَهُ لَهُ فَأَوْف لَهُ لَهُ فَأَوْف لَهُ لَهُ فَا وَقَالَ هِشَامٌ عَنْ وَهْبٍ عَنْ جَابِرٍ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم جُذَّ لَهُ فَأَوْف لَهُ لَهُ

বাংলা

২১২৭. জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, (আমার পিতা) 'আবদুল্লাহ ইবনু আমর ইবনু হারাম (রাঃ) ঋণী অবস্থায় মারা যান। পাওনাদারেরা যেন তাঁর কিছু ঋণ ছেড়ে দেয়, এজন্য আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম –এর কাছে সাহায্য চাইলাম। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাদের কাছে কিছু ঋণ ছেড়ে দিতে বললে, তারা তা করল না। তখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, যাও, তোমার প্রত্যেক ধরনের খেজুরকে আলাদা আলাদা করে রাখ, আজওয়া আলাদা এবং আযকা যায়দ আলাদা করে রাখ। পরে আমাকে খবর দিও। আমি [জাবির (রাঃ)] তা করে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম –কে খবর দিলাম। তিনি এসে খেজুরের (স্তুপ এর) উপরে বা তার মাঝখানে বসলেন। তারপর বললেন, পাওনাদারদের মেপে দাও। আমি তাদের মেপে দিতে লাগলাম, এমনকি তাদের পাওনা পুরোপুরি দিয়ে দিলাম। আর আমার খেজুর এরূপ থেকে গেল, যেন এ হতে কিছুই কমেনি।



ফিরাস (রহ.) শা'বী (রহ.) সূত্রে জাবির (রাঃ) হতে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের এ পর্যন্ত মেপে দিতে থাকলেন যে, তাদের ঋণ পরিশোধ করে দিলেন। হিশাম (রহ.) ওহাব (রহ.) সূত্রে জাবির (রাঃ) হতে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন গাছ থেকে খেজুর কেটে নাও এবং পুরোপুরি আদায় করে দাও। (২৩৯৫, ২৩৯৬, ২৪০৫, ২৬০১, ২৭০৯, ২৭৮১, ৩৫৮০, ৪০৫৩, ৬২৫০) (আধুনিক প্রকাশনীঃ ১৯৭৯, ইসলামিক ফাউন্ডেশনঃ ১৯৯৪)

English

Narrated Jabir:

`Abdullah bin `Amr bin Haram died and was in debt to others. I asked the Prophet (*) to intercede with his creditors for some reduction in the debts. The Prophet (*) requested them (to reduce the debts) but they refused. The Prophet (*) said to me, "Go and put your dates (In heaps) according to their different kinds. The Ajwa on one side, the cluster of Ibn Zaid on another side, etc.. Then call me." I did that and called the Prophet (*) He came and sat at the head or in the middle of the heaps and ordered me. Measure (the dates) for the people (creditors)." I measured for them till I paid all the debts. My dates remained as it nothing had been taken from them. In other narrations, Jabir said; The Prophet (*) said, "He (i.e. `Abdullah) continued measuring for them till he paid all the debts." The Prophet (*) said (to `Abdullah), "Cut (clusters) for him (i.e. one of the creditors) and measure for him fully."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন